

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা।

ফোনঃ-৯৫৫৫৩০৫, ফ্যাক্স নং-৮৮-০২-৯৫৫৫৩০৫

Website: www.pwd.gov.bd

স্মারক নং-৬৫৭

তারিখঃ-২৯.০৮.২০১৯ইং

" নিলাম বিজ্ঞপ্তি "

০১.	নিলাম বিজ্ঞপ্তি নম্বর	ঃ-	০২ (২০১৯-২০২০ইং)।
০২.	মালামালের বিবরণ	ঃ-	Modernization of Osmani Memorial Auditorium (Sub-Head:- Central Air-Conditioning Sysem) শীর্ষক কাজ হতে প্রাপ্ত পুরাতন/ব্যবহার অযোগ্য মালামাল নিলামের মাধ্যমে বিক্রয়।
০৩.	নিলাম বিজ্ঞপ্তি অংশগ্রহণের যোগ্যতা	ঃ-	গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান, বোনাফাইড ফার্ম এবং যাদের ভ্যাট সার্টিফিকেট, বৈধ টিআইএন ও ট্রেড লাইসেন্স আছে।
০৪.	নিলাম দরপত্র প্রাপ্তির স্থান	ঃ-	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১/২/৩/৪/৫/৬/৭/৮/ গণপূর্ত কাঠের কারখানা বিভাগ/গণপূর্ত যান্ত্রিক কারখানা বিভাগ, ঢাকা।
০৫.	নিলাম দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ	ঃ-	তারিখ-০৪-০৯-২০১৯ইং সময় ৫-০০ ঘটিকা।
০৬.	নিলাম দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময়	ঃ-	সীলমোহরকৃত খামে আইটেম রেট ভিত্তিতে দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ-০৫-০৯-২০১৯ইং বেলা-১২.০০ ঘটিকা।
০৭.	নিলাম দরপত্র দাখিলের স্থান (মূল)	ঃ-	গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা।
০৮.	নিলাম দরপত্র দাখিলের স্থান (অন্যান্য)	ঃ-	(১) বিভাগীয় কমিশনার অফিস, ১ম-১২-তলা সরকারী অফিস বিল্ডিং, সেগুনবাগিচা, ঢাকা। (২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, মিন্টু রোড, ঢাকা। (৩) গণপূর্ত ই/এম বিভাগ-১/২/৪, ঢাকা।
০৯.	নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ-	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা। তারিখঃ-০৫-০৯-২০১৯ইং সময় ৩.০০ ঘটিকা।
১০.	<b>শর্তাবলী</b>		
	(ক)	নিলাম দরপত্র তফসিল ও প্রয়োজনীয় শর্ত সম্বলিত কাগজপত্র ৫০০.০০ (পাঁচশত) টাকার মাত্র (প্রত্যেক লট এর ক্ষেত্রে) (অফেরতযোগ্য নগদমূল্যে) সকল কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে ০৪নং ক্রমিকে বর্ণিত দপ্তর সমূহ থেকে ক্রয় করা যাবে।	
	(খ)	নিলাম দরপত্রে অংশগ্রহণকারীকে উদ্ধৃত মূল্য অংকে ও কথায় সিডিউলের প্রত্যেক আইটেমের নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করতে হবে।	
	(গ)	উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) জামানতের অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত যেকোন তফসিল ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার আকারে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা এর অনুকূলে নিলাম ডাকের সাথে জমা দিতে হবে।	
	(ঘ)	যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিলাম ডাক গৃহীত হলে সর্বোচ্চ দরদাতাকে অত্র দপ্তর থেকে চিঠির মাধ্যমে বিষয়টি অবহিত করা হবে। উক্ত অবহিত করণের তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে গৃহীত মূল্যের সমুদয় টাকা নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর সহ অত্র অফিসে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে সকল মালামাল সরিয়ে নিতে হবে।	
	(ঙ)	নিলাম দরপত্র দাখিলের পূর্বে গণপূর্ত ই/এম উপ-বিভাগ-৬, ঢাকা এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে নিলামকৃত মালামাল দেখা যেতে পারে। নিলাম ডাকের পর মালামাল এর বিষয়ে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।	
	(চ)	গৃহীত নিলাম ডাককৃত মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর সহ প্রযোজ্য হবে।	
	(ছ)	যথাসময়ে টাকা জমা না দিলে এবং টাকা জমা দিয়ে যথাসময়ে মালামাল বুঝে না নিলে জামানতের টাকা এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।	
	(জ)	নিম্নস্বাক্ষরকারী কোন প্রকার কারণ না দর্শিয়ে যেকোন নিলাম দরপত্র গ্রহণ বা সকল নিলাম/দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।	

(নিয়াজ মোঃ তানভীর আলম)

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত ই/এম বিভাগ-৩,  
ঢাকা।